দৈনিক ইত্তেফাক

27 MAY 2017 পৃ: ২ কলাম: ২

# চট্টগ্রামে চারু শিল্পীদের ছবি এঁকে প্রতিবাদ

## মাধ্যমিকে চারুকলাকে অবমূল্যায়ন

■ চট্টগ্রাম অফিস

মাধ্যমিক স্তরে চারু ও কারুকলা বিষয়কে অবমূল্যায়ন, চারুশিল্প শিক্ষা বন্ধের চক্রান্ত এবং পাঠ্যক্রম সাম্প্রদায়িকীকরণের বিরুদ্ধে চট্টগ্রামে প্রতিবাদী চিত্রাঙ্কন ও শিল্পী সমাবেশ করেছে চারুশিল্পী পরিষদ। গতকাল দুপুরে চট্টগ্রাম প্রেসক্লাব প্রাঙ্গণে সমবেত শিল্পীরা ক্যানভাসে ছবি এঁকে প্রতিবাদ জানান।

সমাবেশে চারুশিল্পী পরিষদের সভাপতি আবুল ফজল মুন্না বলেন, অষ্টম শ্রেণির পাবলিক পরীক্ষায় চারু ও কারুকলা বিষয় বাদ দেওয়ার চেষ্টা চলছে।

জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটির (এনসিসিসি) মার্চ মাসের এক সভায় সিদ্ধান্ত হয় জেএসসি ও জেডিসি পরীক্ষায় শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, চারু ও কারুকলা এবং কর্ম ও জীবনমুখী শিক্ষা বিষয়ে পরীক্ষা কেন্দ্রীয়ভাবে আর নেওয়া হবে না। ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীদের মান যাচাই হবে।

আবুল ফজল মুন্না বলেন, ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর শিক্ষার্থীর গ্রেড নির্ধারণে প্রযোজ্য হবে না। শিক্ষা ব্যবস্থার অন্যতম দিক হচ্ছে মূল্যায়ন। কিন্তু মূল্যায়ন যখন অর্থহীন ও প্রহসন হয় তখন সে শিক্ষা দেওয়া ও নেওয়ার মাঝে আগ্রহ থাকবে না।

সমাবেশ থেকে চারুকলার শিক্ষক ও চারুশিল্পীরা মাধ্যমিক স্তরে চারুকলা বিষয়ে আগের মতো মূল্যায়নের দাবি জানান। সমাবেশে অংশ নেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) চারুকলা ইনস্টিটিউটের পরিচালক শায়লা শারমিন, অধ্যাপক ঢালী আল মামুন, প্রণব মিত্র চৌধুরী, সৈয়দ সাইফুল কবীর, নাসিমা আক্তার, সুফিয়া বেগম ও মোহাম্মদ জসিম উদ্দিন, চারুশিল্পী ও সাংবাদিক ড. সৈয়দ আবদুল ওয়াজেদ, সুব্রত বড়ুয়া রনি, লিটন কুমার নন্দী, সৈয়দ সাইফুদ্দিন অন্তর ও প্রণব সরকার।

প্রতিবাদী চিত্রাঙ্কন কর্মসূচিতে শিল্পীরা সাম্প্রতিক নানা অসঙ্গতি, রাজনীতিতে সাম্প্রদায়িক শক্তির উত্থানসহ বিভিন্ন বিষয় ক্যানভাসে ফুটিয়ে তোলেন।